আমঝুপিতে বিশ্ব খাদ্য দিবস উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরের আমঝুপিতে বিশ্ব খাদ্য দিবস উদযাপন উপলক্ষে এএলআরডি’র সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ আলোচনা সভার আয়োজন করে।

গতকাল বুধবার সকালে মউকের হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে বক্তব্য রাখেন শিক্ষক আজগর আলী, সাবেক ইউপি সদস্য শহীদুল্লাহ ও সমাজসেবক আব্দুর রকিব।

সভায় কৃষি উৎপাদন, সম্ভাব্য খাদ্য পরিস্থিতি ও খাদ্য নিরাপত্তা পারিবারিক কৃষি ও ক্ষুদ্র চাষীদের ভূমিকা, সংকট ও নাগরিকদের করণীয় বিষয়ে আলোচনা উঠে আসে।

সভায় এলাকার ১২টি নারী জনসমবায় দলের ৩০জন দলীয় নেতা ও সদস্য উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রকল্পের এনিমেটর মোঃ শাহিনুর হোসেন বিপ্লব।

আমঝুপিতে বিশ্ব খাদ্য দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

বিশ্ব খাদ্য দিবস ২০২২ উদযাপন উপলক্ষে আজ বুধবার সকাল ১০টার দিকে আমঝুপি,মউক এর হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

খাদ্য অধিকার বাংলাদেশ এর সহযোগিতায় মেহেরপুর জেলা খাদ্য অধিকার কমিটি ও মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

খাদ্যে অধিকার কমিটির সদস্য হাজী আজগর আলী মাষ্টার এর সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন মউক এর সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন। আরো বক্তব্য রাখেন ইউপি সদস্য আরিফ হোসেন, সমাজ সেবক শহিদুল্লাহ, আঃ রাকিব, ইমাম ওজিউর রহমান ও মানবধিকার কর্মী সাদ

আহাম্মদ।

বক্তাগন সরকারের দারিদ্র বিমোচন এবং খাদ্য নিরাপত্তার জন্য বিভিন্ন সুপারিশ মালা তুলে ধরেন। এর আগে একটি র্যালী আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে মউক প্রধান কার্যলয় চত্তরে এসে শেষ হয়।

সভার শেষে,মেহেরপুর জেলা খাদ্য অধিকার কমিটির পক্ষে সামাজিক সুরক্ষা কমৃসূচির বরাদ্দ বাড়ানো ও খাদ্যসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যদির মুল্য কমানোর দাবীতে মেহেরপুর জেলা প্রশাসক বরাবর একটি স্বারক লিপি প্রদান করা হয়।

আমঝুপিতে মোটরসাইকেলের ধাক্কায় সাইকেল আরোহী আহত

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের সদর উপজেলার আমঝুপি বাজারে দ্রতগামী মোটরসাইকেলের ধাক্কায় শমসের আলী (৭০) নামের এক বৃদ্ধ মারাত্মক আহত হয়েছে।

শনিবার দুপুরের দিকে এ ঘটনা ঘটে। শমসের আলী বর্তমানে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন। শমসের আলী আমঝুপি গ্রামের উত্তর পাড়া গ্রামের চাঁন মিয়ার ছেলে।

স্থানীয়রা জানান, বাইসাইকেল যোগে শমসের আলী বারাদী যাচ্ছিলেন। এসময় বিপরীত দিক থেকে আসা একটি মোটরসাইকেল তাকে ধাক্কা মারে। এতে শমসের আলী মারাত্মক আহত হন।

মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা খবর পেয়ে তাকে উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেন।

আমঝুপিতে বিএনপি কর্মীদের হামলায় আওয়ামী লীগ কর্মী আহত

সামাজিক বৈঠক চলাকালিন সময়ে ইউনিয়ন পরিষদের নির্বাচনে নৌকা প্রতীকের এজেন্ট নজরুল ইসলামকে (৫২) পিটিয়ে আহত করেছেন বিএনপি কর্মীরা।

আহত নজরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের গন্ধরাজপুরপাড়া এলাকার রেজাউল শেখের ছেলে।

গত শুক্রবার (১ জুলাই) দিবাগত রাত সাড়ে ১১ টার দিকে আমঝুপি গ্রামের গন্ধরাজপুর পাড়াতে এ মারপিটের ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, ঈদুল আযহাকে কেন্দ্র করে আমঝুপি গ্রামে সামাজিক বৈঠক চলছিল। বৈঠক শেষে নজরুল ইসলাম বাড়িতে ফিরছিলেন। এসময় মৃত আব্দুস সাত্তারের ছেলে হজরত আলী, পঞ্চু শেখের ছেলে মিরাজুল, তাহাজ উদ্দীন ফরাজির ছেলে ফারদুল, আবুল কায়েরের ছেলে সাখাওয়াত ও নগু’র ছেলে জহুরুল ইসলামসহ তাদের লোকজন নজরুল ইসলামকে বেধড়ক মারপিট করে।তাদের লাথি কিল ঘুঁষিতে আহত হন নজরুল ।

স্থানীয়রা তাকে আহতাবস্থায় উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেন। বর্তমানে সে আইসিইউতে চিকিৎসাধীন রয়েছে।

এদিকে আহত নজরুল ইসলামকে আজ দুপুরে হাসপাতালে দেখতে যান আমঝুপি ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি বোরহান উদ্দীন আহমেদ চুন্নু, ইউপি সদস্য আবুল কাশেম , আওয়ামীলীগ নেতা হেলাল উদ্দীন, আনিছুর রহমানসহ অনেকেই।

এঘটনায় হামলাকারীদের বিরুদ্ধে মামলার প্রস্তুতি নিচ্ছেন আহতের পরিবার।

মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়নে এক যোগে ভোট গ্রহণ শুরু

মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়নের সাধারণ নির্বাচন ৬৩ টি ভোট কেন্দ্রে এক যোগে শুরু হয়েছে।
সকাল ৮ টার সময় ৬৩টি ভোট কেন্দ্রে এক যোগে ভোট গ্রহণ শুরু হয়েছে।মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়নের ১ লাখ ২৪ হাজার ৯৮৮ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।
মেহেরপুর পৌরসভার মেয়র প্রার্থী মাহফুজুর রহমান রিটন ১ নং ওয়ার্ডের নতুনপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে সকাল ৮ টার সময় ভোট দেন। অপর প্রার্থী স্বতন্ত্র প্রার্থী মোতাচ্ছিম বিল্লাহ মতু ৭ নং ওয়ার্ড সরকারী বালক উচ্চ বিদ্যালয় ভোট কেন্দ্রে ভোট প্রদান করেন।
মেহেরপুর পৌরসভায় ২ জন মেয়রসহ ৪ টি ইউনিয়নে ২০ জন চেয়ারম্যান, ২১৩ জন সাধারণ কাউন্সিলর ও সাধারণ সদস্য, ৬৬ জন সংরক্ষিত নারী কাউন্সিলর ও সাধারণ সদস্য পদে নির্বাচনী প্রতিদ্বন্দ্বীতা করছেন। সকাল থেকেই নারী ভোটারদের উপস্থিতি ভাল।মেহেরপুর পৌরসভায় সবগুলো কেন্দ্রে ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) এ ভোটগ্রহণ অনুষ্ঠিত হচ্ছে বলে জানান মেহেরপুর জেলা নির্বাচন অফিসার আবু আনছার।

সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশী তল্লাশী অভিযান

নির্বাচনে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন স্থানে ও মেহেরপুর শহরে শুরু হয়েছে পুলিশী তল্লাশী।

আজ রবিবার (৫ জুন) দুপুরে মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খানের নেতৃত্বে পুলিশের বিরাট টীম সদর উপজেলার বারাদী বাজার, আমঝুপি বাজার, শহরের কলেজ মোড়, চুলকানির মোড়, ওয়াপদার মোড়সহ বিভিন্ন স্থানে এ তল্লাশী অভিযান চালান পুলিশ।

এসময় সদর থানার তদন্ত অফিসার (ওসি তদন্ত) জুলফিকার আলী, পুলিশের টিএসআই ফেরদৌস হাসানসহ বিভিন্ন পর্যায়ের অফিসারবৃন্দ অংশ নেন। তল্লাশী অভিযান চালানোর সময় বৈধ কাগজপত্র না থাকায় ৫ টি মোটরাসাইকেলের নামে মামলা দেয়া হয়েছে। ট্রাফিক পুলিশের সার্জেন্ট টিএসআই হাসান ফেরদৌস বাদী হয়ে মামলা করেন।

সদর থানার ওসি শাহ দারা খান বলেন, নির্বাচনকে ঘিরে র্নিবাচনী এলাকার আইনশৃংখলা পরিস্থিতি ভাল ও সার্বিক পরিবেশ শান্ত রাখতে মেহেরপুর সদর থানা পুলিশ তল্লাশী অভিযান শুরু করেছে। নির্বাচনী এলাকার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে অপরচিতি লোক,মটরসাইকেল, বড় গাড়ি, প্রাইভেট কারসহ সকল ধরনের যানবাহন তল্লাশী করা হয়েছে।

১৫ জুন মেহেরপুর পৌরসভা, আমঝুপি, বারাদী, শ্যামপুর ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে মাদক পাচার ও পাচার মোকাবেলায় সমন্বিত কৌশল বিষয়ক কর্মশালা

বাংলাদেশ সীমান্তবর্তী বত্রিশটি জেলার মাদক পাচারের চিত্র এবং পাচার মোকাবেলায় সমন্বিত কৌশল নির্ধারণ বিষয়ক গবেষণা কাজের জন্য মেহেরপুরে জেলা পর্যায়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় ও স্টেপস্ টুয়ার্ডস ডেভেলপমেন্ট এর বাস্তবায়নে সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থা এ কর্মশালার আয়োজন করে।

আজ রবিবার (২৯ মে) দুপুরে মেহেরপুর সদর উপজেলার স্থানীয় সংস্থা সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার প্রশিক্ষণ কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমানের সভাপতিত্বে কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন, স্টেপস্

টুয়ার্ডস ডেভেলপমেন্টের প্রতিনিধি মোঃ ইমাম হোসেন।

সুবাহ্ সংস্থার নির্বাহী পরিচালক মঈন-উল-আলমের সঞ্চালনায় কর্মশালায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক মোঃ আব্দুল মান্নান, রঘুনাথপুর কলোনিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহিদুল ইসলাম, আমঝুপি আলীম মাদ্রাসার সহকারী শিক্ষক শফিকুল ইসলাম, আমঝুপি শিশু কিশোর সংগঠনের প্রতিষ্ঠাতা আসাদুজ্জামান লিটন, সমাহার নারী কল্যাণ সমিতির প্রতিষ্ঠাতা কাজল রেখা প্রমুখ। কর্মশালায় বত্রিশটি জেলার মাদক পাচারের চিত্র এবং পাচার মোকাবেলায় সমন্বিত কৌশল নির্ধারণ বিষয়ক নানা দিক আলোচনা করা হয়।

ভাতিজাকে নির্বাচনী মাঠ ছেড়ে দিলেন চাচা

সম্পর্কে চাচা ভাস্তে। তাই এবার ভাস্তেকে নির্বাচনী মাঠ ছেড়ে দিলাম। আজ রবিবার (২২ মে) দুপুরে আমঝুপি ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের সাধারণ সদস্য (মেম্বর) মনোনয়নপত্র প্রত্যাহার করতে এসে বললেন চাচা ইকরামুল হক।
আমঝুপি ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের মেম্বর প্রার্থী ছিলেন ইকরামুল হক ও মামাত ভাইয়ের ছেলে ওয়াহেদুজ্জামান।
আত্মীয়র মধ্যে দুজন প্রার্থী হওয়ায় সবাই অনুরোধ করেছে বসে যাওয়ার জন্য। তাই ভাস্তে ওয়াহেদুজ্জামানকে ভোট করার জন্য ছেড়ে দিতেই মনোনয়ন প্রত্যাহার করে নিয়েছেন তিনি।
উল্লেখ্য, আমঝুপি ইউনিয়নের ৭ নং ওয়ার্ডে মোট ৯ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। এরা হলেন, ওয়াহেদুজ্জামান, শাকিরুল ইসলাম, মোহাম্মদ আব্দুল্লাহ, জাব্বারুল ইসলাম, তারিকুল ইসলাম, শাহ আলম, মাসুদ রানা ও আব্দুল বারী ও ইকরামুল হক। ইকরামুল হক মনোনয়নপত্র প্রত্যাহার করে নেওয়ায় ৮ জন প্রার্থী নির্বাচনী

যুদ্ধে থাকলেন।
উল্লেখ্য, নির্বাচনে প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন আগামী ২৫ মে। এছাড়া আমঝুপিসহ জেলার ৪ টি ইউনিয়ন পরিষদ নির্বাচন আগামী ১৫ জন অনুষ্ঠিত হবে।
আমঝুপি ইউনিয়ন পরিষদ নির্বাচনে সহকারী রিটার্নিং অফিসার আব্দুল আজিজ এ তথ্য নিশ্চিত করেছেন।

আমঝুপি ইউপি চেয়ারম্যান চুন্নুর মায়ের ইন্তেকাল

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নুর মা আছিয়া খাতুন (৮০) বার্ধক্য জনিত রোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ শুক্রবার বিকোল পৌনে ৪টার দিকে নিজ বাসভবনে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি আমঝুপি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মরহুম মহিউদ্দিনের স্ত্রী। মৃত্যুকালে তিনি ৩ছেলে, ৫মেয়ে, নাত নাতনীসহ অসংখ্যা গুণাগ্রাহী রেখে গেছেন।

মরহুমার পারিবারিক সূত্রে জানা গেছে, আজ বাদ এশা আমঝুপি গোরস্থান সংলগ্ন মাঠে জানাযা শেষে ওই গোরস্থানে দাফন করা হবে।

আগামীকাল শুরু হচ্ছে শ্রী শ্রী রটন্তী কালী পূজা

শীতের আগমণে প্রকৃতি শান্ত সাজে সজ্জিত। এমনই এক স্নিগ্ধি পরিবেশে আগামী ১০ ফেব্রুয়ারি থেকে আগামী ১৪ ফেব্রয়ারি ৫ দিন ব্যাপী দ্বিতীয়বারের মত আমঝুপি শ্মশানঘাট মন্দিরে অনুষ্ঠিত হবে

শ্রী শ্রী রটন্তী কালী পূজা।

এ উপলক্ষে ১ম দিন ১০ ফেব্রুয়ারি সন্ধ্যা ৬টায় আমঝুপি শ্রী শ্রী রাধা মধাব মন্দির হতে শ্মশানঘাট পর্যন্ত শোভাযাত্রা, প্রতিমা স্থাপন, পূজা, প্রসাদ বিতরণের ও নানান আয়োজনে আগামী ১৪ ফেব্রয়ারি প্রতিমা বিসর্জনের মধ্যদিয়ে অনুষ্ঠানের সমাপ্ত হবে।